

## সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২১৮৮

পরিচ্ছেদঃ ভূমি ধ্বস।

باب ما جاء في الخسف

## আরবী

حَدَّثَنَا أَبُو كُرَيْب، حَدَّثَنَا صَيْفِيُّ بْنُ رِبْعِيّ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ، عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عُمَرَ، عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عُمَرَ، عَنْ عُائِشَة، قَالَتْ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " يَكُونُ فِي آخِرِ هَذِهِ الْأُمَّةِ خَسْفٌ وَمَسْخٌ وَقَذْفٌ " . قَالَتْ قُلْتُ يَا رَسُولَ اللَّهِ أَنَهْلِكُ وَفِينَا الصَّالِحُونَ قَالَ " نَعَمْ إِذَا ظَهَرَ الْخَبَثُ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ غَرِيبٌ مِنْ حَدِيثِ عَائِشَةَ لاَ نَعْرِفُهُ إِلاَّ مِنْ هَذَا الْوَجْهِ . وَعَبْدُ اللَّهِ بْنُ عُمَرَ تَكَلَّمَ فِيهِ يَحْيَى بْنُ سَعِيدٍ مِنْ قِبَلِ حِفْظِهِ .

## বাংলা

২১৮৮. আবৃ কুরায়ব (রহঃ) ..... আয়িশা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, এ উম্মতের শেষ যুগে ভূমি ধ্বস, চেহারা বিকৃতি ও পাথর বর্ষনের আযাব হবে।

'আয়িশা রাদিয়াল্লাহু আনহা বললেন, আমি বললামঃ ইয়া রাসূলাল্লাহ, আমাদের মাঝে সালিহীন ও সৎ লোক বিদ্যমান থাকা সত্ত্বেও কি আমাদের ধ্বংস করা হবে? তিনি বললেনঃ হ্যাঁ, যখন অন্যায়ের প্রাবল্য ঘটবে। সহীহ, সহিহাহ ৯৮৭, রওযুন নাযীর ২/৩৯৪, তিরমিজী হাদিস নম্বরঃ ২১৮৫ [আল মাদানী প্রকাশনী]

'আয়িশা রাদিয়াল্লাহু আনহা-এর রিওয়ায়াত হিসাবে হাদীসটি গারীব। এই সূত্র ছাড়া এটি সম্পর্কে আমাদের কিছু জানা নেই। ইয়াহইয়া ইবন সাঈদ (রহঃ) স্মরণ শক্তির বিষয়ে বর্ণনাকারী আবদুল্লাহ ইবন উমার (রহঃ)-এর সমালোচনা করেছেন।

## **English**

'Aishah narrated "The Messenger of Allah(s.a.w) said:

'In the end of this Ummah there will be a collapse, transformation, and



Qadhf."' She said: "I said: 'O Messenger of Allah! Will they be destroyed while they are righteous among them?' He said: 'Yes, when evil is dominant."'

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন